

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭-৩-এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৭.০২.০০১.১৫-২২

তারিখ : ২৭-০১-২০১৯ খ্রি:।

বিষয়ঃ- নেটমিটারিং গাইডলাইন-২০০৮ অনুসরণে সৌরবিদ্যুৎ সিস্টেম স্থাপন প্রসঙ্গে।


সূত্রঃ (১) বিদ্যুৎ বিভাগের স্মারক নং-২৭.০২.০০০০.০৩১.১৪.০১০.১৭.৭৪৫ তারিখ : -০২-০১-২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ গ্রাহক কর্তৃক নবায়নযোগ্য জ্বালানি উৎস হতে স্বল্প ব্যয়ে বিদ্যুৎ উৎপাদন ও ব্যবহার এবং ব্যবহারের অতিরিক্ত বিদ্যুৎ সরকারের নিকট বিক্রয়ের মাধ্যমে লাভবান হওয়ার লক্ষ্যে সরকার ইতোমধ্যে “নেট মিটারিং নির্দেশিকা-২০১৮” প্রনয়ন করেছে। এ গাইডলাইন অনুসরণে স্থাপিত সিস্টেম (সোলার রুফটপ, বায়োগ্যাস ইত্যাদি) থেকে উৎপাদিত বিদ্যুতের মাধ্যমে নিজস্ব চাহিদা পূরণের পাশাপাশি অতিরিক্ত বিদ্যুৎ বিতরণ ইউটিলিটির গ্রিডে সরবরাহ করা যাবে। এর ফলে একদিকে যেমন নবায়নযোগ্য উৎস থেকে উৎপাদিত বিদ্যুতের অপচয় রোধ হবে, অন্যদিকে স্থায়ী বিদ্যুৎ বিলে শাস্রয় এবং নিজস্ব প্রয়োজন মিটিয়ে জাতীয় ইউটিলিটি গ্রিডে সরবরাহকৃত বিদ্যুৎ বিক্রয়ের মাধ্যমে আর্থিকভাবেও লাভবান হওয়া যাবে।

০২। সাধারণত ভবনের অধিকাংশ রুফটপই (ছাদের উপরিভাগ) পুরোপুরি বা আংশিকভাবে অব্যবহৃত থাকে। এই সকল ছাদে এবং কম্পাউন্ডের ভিতরে অব্যবহৃত খালি জায়গায় নেট মিটারিং পদ্ধতিতে রুফটপ সোলার সিস্টেম স্থাপন করা গেলে তা গ্রাহকের নিজস্ব বিদ্যুৎ চাহিদা মেটানোর পর চাহিদার অতিরিক্ত বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করতে পারবে। সরকার এই মডেল সৌর বিদ্যুৎ স্থাপনকে একটি সম্ভাবনাময় খাত হিসেবে দেখছে এবং সকল সরকারী প্রতিষ্ঠানের স্থাপনায় এই ধরনের সিস্টেম স্থাপনের উৎসাহ যোগাচ্ছে। উল্লেখ্য যেসব ভবনের ছাদে ইতোমধ্যে সোলার রুফটপ (অফগ্রিড মডেলে) স্থাপিত আছে, সেগুলোও স্বল্প ব্যয়ে খুব সহজেই নেট মিটারিং মডেলে রূপান্তর করা যাবে। বিস্তারিত জানতে ও নেট মিটারিং নির্দেশিকা-২০১৮ এর জন্য স্রেডার ওয়েবসাইট [www.sreda.gov.bd](http://www.sreda.gov.bd) ভিজিট করা যেতে পারে। নির্দেশিকার কপি উক্ত ওয়েবসাইটের “কাগজ পত্র আইন এবং নীতিসমূহ” শিরোনামীয় পেইজে পাওয়া যাবে (নমুনা সংযুক্ত)। নবায়নযোগ্য জ্বালানি প্রসারের মাধ্যমে ভবিষ্যৎ জ্বালানির নিরাপত্তা নিশ্চিতকরণে আপনার সহযোগিতা কাম্য।

০৩। এমতাবস্থায়, উপরিউক্ত নির্দেশনার আলোকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বিএমটিআই, ০৩টি সরকারি আলিয়া মাদ্রাসা এবং বেসরকারি মাদ্রাসাসমূহে অনুমোদিত/স্বীকৃতিপ্রাপ্ত নেটমিটারিং গাইডলাইন-২০০৮ অনুসরণে স্ব স্ব প্রতিষ্ঠানের ছাদের উপরি ভাগে অথবা কম্পাউন্ডের ভিতরে খালি জায়গায় সৌরবিদ্যুৎ সিস্টেম স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০২ ফর্দ ।

  
(সফিউদ্দিন আহমদ)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

ফোন নং- ৪১০৩০১৫৯

ই-মেইল নং-dgmed@gmail.com

বিতরণঃ

প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য প্রেরণ করা হলো।

- ১। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিআই), গাজীপুর।
- ২। অধ্যক্ষ, মাদ্রাসা-ই- আলিয়া, ঢাকা/অধ্যক্ষ, সরকারি মুস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া/সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট।
- ৩। জেলা শিক্ষা অফিসার .....সকল।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার ..... সকল।
- ৫। অধ্যক্ষ..... সকল মাদ্রাসা।
- ৬। সুপার..... সকল মাদ্রাসা।

অনুলিপি :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম-তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।

২। অফিস কপি।